

উপজেলা পরিষদ কার্যালয়
উখিয়া, কক্সবাজার।

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মো. জাহাঙ্গীর আলম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
স্থান : উপজেলা ভাইস চেয়ারম্যান এর কার্যালয়, উপজেলা পরিষদ, উখিয়া, কক্সবাজার।
তারিখ ও সময় : ২০/০৬/২০২২ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা
সভার উপস্থিতি : হাজিরা শীট সংযুক্ত

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা, আন্তরিক অভিনন্দন ও স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভায় গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন ও দৃষ্টিকরণ করা হয়। সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত/সুপারিশ
বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জনপ্রতিনিধি, কাজী, ঈমাম ও পুরোহিতদের নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপপ্রকল্প প্রস্তাবনা তৈরি ও দাখিল	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (দায়িত্বপ্রাপ্ত) জানান যে, বাংলাদেশে বিগত বছরগুলোতে নারী ও শিশুর প্রতি সহিংসতা উদ্বেগজনক হারে বৃদ্ধি পাচ্ছে। নারী ও শিশুর নিরাপত্তাহীনতার বিষয়টি এখন আমাদের দেশের সার্বিক উন্নয়নের জন্য একটি বড় চ্যালেঞ্জ। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক পরিচালিত ইউআইসিডিপি সম্প্রতি ফেব্রুয়ারি ২০২১ উখিয়া ও উখিয়া উপজেলায় শিশু ও নারী নির্যাতন কমিটির সাথে সংশ্লিষ্ট সদস্যদের কার্যক্রম সংক্রান্ত একটি স্টাডি সম্পন্ন করে। স্টাডিতে বাল্যবিবাহ, ইভটিজিং, নারী নির্যাতন ও জেন্ডারভিত্তিক সহিংসতা সম্পর্কিত আইন ও বিধিমালা সম্পর্কে স্বচ্ছ ধারণার অভাব পরিলক্ষিত হয়। ইউআইসিডিপির উদ্যোগে সেপ্টেম্বর ২০২১ এ অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণকারীগণ উল্লেখ করেন যে, করোনাকালীন সময়ে সারা দেশের ন্যায় উখিয়া উপজেলায় বিদ্যালয় ও কলেজসমূহ বন্ধ থাকার কারণে উখিয়ায় বাল্যবিবাহের হার অনেক বৃদ্ধি পেয়েছে। এটি এখন সামাজিক ব্যথিতে পরিনত হয়েছে। বাল্যবিবাহ হতে মুক্ত হতে না পারলে আমাদের সকল উন্নয়নমূলক কার্যক্রম ব্যাহত হবে। বাল্যবিবাহ সংশোধনী আইন সম্পর্কে অনেকেরই ধারণা স্বচ্ছ নয়। তাছাড়া বাল্যবিবাহ মুক্ত করা বর্তমান সরকারেরও একটি গুরুত্বপূর্ণ এজেন্ডা। এ উদ্দেশ্যকে সামনে রেখে বাল্যবিবাহ ও ইভটিজিং রোধকল্পে উখিয়া উপজেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান ও অধ্যক্ষবৃন্দ, জনপ্রতিনিধিবৃন্দ, কাজী, ঈমাম ও পুরোহিতদের নিয়ে একটি সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা গ্রহণ করা অতীব প্রয়োজন।	সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (দায়িত্বপ্রাপ্ত) এর সাথে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, জনপ্রতিনিধি, কাজী, ঈমাম ও পুরোহিতদের নিয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মশালা শিরোনামে সক্ষমতা উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাবনা তৈরি করে উপজেলা চেয়ারম্যান বরাবর দাখিলের সিদ্ধান্ত গৃহীত হলো।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে সভায় সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো. জাহাঙ্গীর আলম)

সভাপতি

উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি

ও

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, উখিয়া।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উখিয়া
- ৪। অফিস নথি।